# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**18-04-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) তামিলনাড়ু ও পশ্চিমবঙ্গে ভোটের দিন এগিয়ে আসায় প্রচার জোরদার হয়ে উঠেছে।

২) সংসদের উভয় কক্ষের অধিবেশন অনির্দিষ্ট কালের জন্য মুলতুবি হয়ে গেছে।

# সংসদে নারী শক্তি বন্দন অধিনিয়ম সংক্রান্ত সংবিধান সংশোধনী বিল পাশ না হওয়ায় বিজেপি বিরোধী দলগুলির সমালোচনা করেছে।

৩) হজযাত্রীদের প্রথম দল আজ নতুন দিল্লি থেকে মক্কার উদ্দেশে রওনা হয়েছেন।

# চার ধাম যাত্রার অফলাইন নথিভুক্তি গতকাল শুরু হয়েছে।

৪) হরমুজ প্রণালীর মধ্য দিয়ে জাহাজ চলাচল সুরক্ষিত রাখতে ব্রিটেন ও ফ্রান্সের উদ্যোগে শামিল হওয়ার জন্য ভারতকে আমন্ত্রণ জানানো হয়েছে।

৫) IPL ক্রিকেটে আজ রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু, দিল্লি ক্যাপটালসের এবং সানরাইজার্স হায়দ্রাবাদ, চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

ভোটমুখী তামিলনাড়ু ও পশ্চিমবঙ্গে নির্বাচনী প্রচার তুঙ্গে। তামিলনাড়ুতে আগামী ২৩-শে এপ্রিল ওই রাজ্যের এক দফায় ভোটগ্রহণ ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কোয়েম্বাটুরে এন ডি এ প্রার্থীদের সমর্থনে প্রচারে অংশ নেবেন। বিমানবন্দর থেকে রোডশো করে তিনি যাবেন কোডিশিয়া।

এদিকে, ডি এম কে প্রধান মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিন, আসন পুনর্বিন্যাস বিল নিয়ে আসার জন্য বিজেপি এবং এ আই এ ডি এম-কের সমালোচনা করেন। কালো পোশাক পরে প্রতিবাদ জানান তিনি।

এদিকে, রাজ্যে শুরু হয়েছে বাড়ি বাড়ি গিয়ে ৮৫ ঊর্ধ্ব ও বিশেষভাবে সক্ষমদের জন্য পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট গ্রহণের আর মাত্র পাঁচ দিন বাকি। প্রথম দফার নির্বাচনে ভোট নেওয়া হবে আগামী ২৩শে এপ্রিল। নির্বাচনের দিন ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার আরো জোরদার হয়ে উঠছে।

বরিষ্ঠ বিজেপি নেতা **প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী**, দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে **আগামীকাল** ফের রাজ্যে আসছেন।

এদিকে, প্রথম দফা ভোটের আগে উত্তরবঙ্গে আজ জনসভা করছেন, **বিজেপি** নেতা, অসমের মুখ্যমন্ত্রী **হিমন্ত বিশ্ব শর্মা**।

বিজেপির রাজ্য সভাপতি **সুকান্ত মজুমদার**, ময়ুরেশ্বর, দুবরাজপুর, সাঁইথিয়া, ও দুর্গাপুর পশ্চিম বিধানসভা কেন্দ্রে আজ প্রচারে যোগ দিচ্ছেন।

**ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী** ঝাড়খন্ড মুক্তি মোর্চার নেতা **হেমন্ত সোরেন**, আজ আদিবাসী অধ্যুষিত বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুরে **তৃণমূল কংগ্রেসের** প্রার্থীদের হয়ে প্রচার করবেন। তৃণমূল কংগ্রেস প্রধান **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জি আজ

হাওড়ার উলুবেরিয়া, দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর, ভাঙ্গড় ও সোনারপুরে জনসভায় বক্তব্য রাখবেন।

ফারাক্কায় একটি রোড শো-তে অংশ নেন তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক বন্যার্জী।

এদিকে, তেলেঙ্গানার মন্ত্রী, প্রাক্তন ক্রিকেট অধিনায়ক **মহম্মদ আজারউদ্দিন** আজ রাজ্যে **কংগ্রেসের হয়ে** প্রচারে আসছেন।

কংগ্রেস নেতা **অধীর রঞ্জন** চৌধুরী'ও কান্দি, ভগবানগোলা, হাজিনগর ও বহরমপুরে জনসভা করছেন।

CPIM রাজ্য সম্পাদক **মহম্মদ সেলিম**, দলীয় কর্মসূচীতে আজ মালদায় থাকবেন।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ভোটের আগে নজরদারিতে প্রযুক্তির ব্যবহার আরও বাড়িয়েছে নির্বাচন কমিশন। ভোট প্রক্রিয়াকে স্বচ্ছ ও নিয়ন্ত্রিত রাখতে একাধিক নতুন ব্যবস্থা চালু করা হচ্ছে বলে কমিশন সূত্রে খবর।

এই নির্বাচনে মাইক্রো অবজার্ভারদের সঙ্গে থাকবে বডি ক্যামেরা। পাশাপাশি কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য পুলিশের সদস্যদের গতিবিধি রেকর্ড করার জন্যও বডি ক্যামেরা রাখা হবে। কোনও অভিযোগ বা বিতর্ক তৈরি হলে সেই ফুটেজ খতিয়ে দেখা যাবে বলে জানিয়েছে কমিশন।

এবারের ভোটে সবচেয়ে তাৎপর্যপূর্ণ পদক্ষেপ হিসেবে বুথের চারপাশে তৈরি করা হচ্ছে 'লক্ষ্মণগণ্ডি'। সাদা চক দিয়ে বুথকে ঘিরে ১০০ মিটার এলাকা চিহ্নিত করা হবে। এই নির্দিষ্ট সীমার মধ্যে শুধুমাত্র ভোটারদেরই প্রবেশের অনুমতি থাকবে।

এই ব্যবস্থায় বহুস্তরীয় যাচাইয়েরও পরিকল্পনা রয়েছে। লক্ষ্মণগণ্ডির বাইরে থাকবেন বিএলও ও এক জন সরকারি আধিকারিক, যাঁরা প্রথমে নথি যাচাই করবেন। এরপর নির্দিষ্ট সীমানার ভিতরে আরও দু'টি ধাপে ভোটারদের পরিচয়পত্র পরীক্ষা করা হবে।

oooooooooooooooooooooo

সংসদের উভয় কক্ষের অধিবেশন, অনির্দিষ্টকালের জন্য মুলতুবি হয়ে গেছে। একইসঙ্গে এবছরের ২৮শে জানুয়ারী শুরু হওয়া বাজেট অধিবেশন শেষ হয়েছে।

সমাপ্তি ভাষণে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা জানান, চলতি অধিবেশনে ৯৩ শতাংশ কাজ হয়েছে। ৩১ বার অধিবেশন বসেছে। ১২ টি সরকারি বিল এসময়কালে সংসদে পেশ করা হয়েছে, যার মধ্যে ৯'টি অনুমোদিত হয়েছে।

( বাইট- ওম বিড়লা )

অনুরূপভাবে রাজ্যসভায় সমাপ্তি ভাষণে চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণান জানান, এবারের অধিবেশনে ১১০ শতাংশ কাজ হয়েছে।

oooooooooooooooooooooo

নারী শক্তি বন্দন অধিনিয়ম সংক্রান্ত সংবিধান সংশোধনী বিল পাশ না হওয়ায় বিজেপির মহিলা সাংসদরা কংগ্রেস এবং বিরোধী দলগুলির বিরুদ্ধে সংসদ ভবনে বিক্ষোভ দেখান। তাঁরা অভিযোগ করেন, লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধীর নেতৃত্বে বিরোধী দলগুলি উদ্দেশ্যপ্রণোদিত ভাবে এই বিল অনুমোদন করতে দেয়নি। এই ঘটনাকে তাঁরা নারীদের প্রতি অপমান বলে বর্ণনা করেন।
বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর এই বিল পাশ না হওয়ার জন্য বিরোধীদের সমালোচনা করেছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, যেভাবে গুরুত্বপূর্ণ এই সংশোধনীকে আটকে দেওয়া হয়েছে, তা অত্যন্ত দুর্ভাগ্যজনক। এর ফলে মহিলারা

লোকসভায় ও রাজ্য বিধানসভাগুলিতে ৩৩ শতাংশ আসন সংরক্ষণের সুবিধা পাবেন না।

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেজ রিজিজু-ও অভিযোগ করেন, বিরোধীদের জন্যই মহিলারা আসন সংরক্ষণের সুবিধা থেকে বঞ্চিত হলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৬ শে এপ্রিল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৩**-তম পর্ব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত থেকে চলতি বছরের **৩৭১** হজ যাত্রীর প্রথম দলটি আজ নতুন দিল্লি থেকে সৌদি আরবের মক্কার উদ্দেশে রওনা হয়েছে। দিল্লি হজ কমিটির চেয়ারপার্সন কৌশর জাহান জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে হজ তীর্থযাত্রীদের জন্য সমস্ত সুযোগসুবিধার ব্যবস্থা করা হয়েছে।

(বাইট-কৌশর জাহান)

কেন্দ্রীয় সংখ্যালঘু মন্ত্রক সূত্রে জাননো হয়েছে, এবছর ১ লক্ষ ৭৫ হাজারেরও বেশি তীর্থযাত্রী হজযাত্রা করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চার ধাম যাত্রার অফলাইন নথিভুক্তি গতকাল শুরু হয়েছে। প্রথম দিনে ২ হাজার ৭ শো ১৩ জন তীর্থযাত্রী নিজেদের নাম নথিভুক্ত করেন। অফলাইন কাউন্টারগুলোতে ৬৮৩ জন যমুনোত্রী-'র জন্য, ৬৯০ জন গঙ্গোত্রী-র জন্য, ৬৬৭ জন কেদারনাথ-এর জন্য এবং ৬৭৩ জন বদ্রীনাথ-এর জন্য রেজিস্ট্রেশন করেছেন।

উল্লেখ্য, কেদারনাথ মন্দির ২২ এপ্রিল খুলবে এবং বদ্রীনাথ মন্দির ২৩ এপ্রিল দর্শকদের জন্য খুলে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিশ্ব হেরিটেজ দিবস পালিত হচ্ছে। ঐতিহাসিক ঐতিহ্যবাহী স্থান, ভবন, স্মৃতি স্তম্ভ, কীর্তি স্তম্ভ, মিনার যা ঐতিহ্যের সাক্ষ্য বহন করে, সে বিষয়ে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি, ভবিষ্যৎ প্রজন্মের জন্য ঐতিহ্য সংরক্ষণ ও সে বিষয়ে সচেতনতা প্রসারের লক্ষ্যেই দিনটি পালন করা হয়। উল্লেখ্য, ১৯৮৩ সালে UNESCO-র সাধারণ সভায় ১৮ এপ্রিল, বিশ্ব হেরিটেজ দিবস হিসেবে পালনের কথা ঘোষণা করা হয়।

কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত দেশের ঐতিহ্যবাহী স্থানগুলিতে ভ্রমণের সময় সেগুলি পরিচ্ছন্ন এবং নিরাপদ রাখার শপথ গ্রহণের জন্যও নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছেন।

অন্যদিকে, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লাও এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়ে দেশের সাংস্কৃতিক পরিচয় ও ঐতিহ্যকে সুরক্ষিত রাখতে দেশবাসীর কাছে নিরন্তর প্রচেষ্টা চালানোর আহ্বান জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রসংঘের শিশু সুরক্ষা সংগঠন ইউনিসেফ জানিয়েছে, পশ্চিম এশিয়ার গাজায় আটক পরিবারগুলির জন্য পানীয় জল পৌঁছে দিতে তাদের নিযুক্ত দুই ট্রাক চালক ইজরায়েলি বাহিনীর হামলায় নিহত হয়েছেন। এক বিবৃতিতে ইউনিসেফ জানিয়েছে, উত্তর গাজায় গতকাল সকালে ট্রাকে জল ভরার সময় ইজরায়েলি বাহিনী তাঁদের অপর আক্রমণ চালায়। ঘটনাস্থলেই তাঁরা নিহত হন, এবং আরও দুজন আহত হন। এরপর থেকেই ইউনিসেফের উদ্যোগে গাজায় নাগরিকদের জন্য জল সরবরাহ ব্যবস্থা স্থগিত রাখা

হয়েছে। এই ঘটনার বিষয়ে তদন্ত করার জন্য ইউনিসেফ ইজরায়েলি কর্তৃপক্ষের কাছে আহ্বান জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

হরমুজ প্রণালীর মধ্য দিয়ে সামুদ্রিক পরিবহণ ব্যবস্থাকে সুরক্ষিত রাখতে, ব্রিটেন ও ফ্রান্সের উদ্যোগে শামিল হওয়ার জন্য ভারতকে আমন্ত্রণ জানানো হয়েছে। আজ নতুন দিল্লিতে বিদেশ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল সাংবাদিকদের এ কথা জানিয়েছেন। আগেই জানানো হয়েছে, ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টার্মার এবং ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ হরমুজ প্রণালীর বিষয়ে আলোচনার জন্য ৪০ টি দেশের রাষ্ট্রপ্রধানদের নিয়ে এক ভার্চুয়াল শিখর সম্মেলন আয়োজন করতে চলেছেন।

এদিকে, সবরকম বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য হরমুজ প্রণালী সম্পূর্ণ খুলে দেওয়ার কথা ইরান ঘোষণা করেছে। ইরানের বিদেশ মন্ত্রী সৈয়দ আব্বাস আরাঘচি সমাজমাধ্যমে বলেছেন, ইজরায়েল ও লেবাননের মধ্যে ১০ দিনের যুদ্ধবিরতির সময়কালে এই জলপথ খোলা থাকবে।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলেছেন, তেহেরানের সঙ্গে যুদ্ধবিরতি নিয়ে চুক্তি না হওয়া পর্যন্ত ইরানের বন্দর গুলিতে মার্কিন নৌসেনার অবরোধ অব্যাহত থাকবে। রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তনিও গুতারেস-ও হরমুজ প্রণালী খুলে দেওয়ার ইরানের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের আবহাওয়া দপ্তর IMD আজ মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, মহারাষ্ট্র, ওড়িশা, রায়ালসীমা এবং তেলেঙ্গানায় তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে। দপ্তর হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ, অরুণাচল প্রদেশ এবং সিকিমে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে।

এছাড়া, অন্ধ্রপ্রদেশ উপকূল এবং কর্ণাটক উপকূলে বজ্রবিদ্যুৎসহ ঝড়-বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। দপ্তর আরও জানিয়েছে, তামিলনাড়ু, পুদুচেরি, কারাইক্যাল, কেরল এবং মাহে-তে আজ উষ্ণ ও আর্দ্র আবহাওয়া থাকবে।

oooooooooooooooooooooo

আইপিএল ক্রিকেটে আজ দুটি ম্যাচ রয়েছে। প্রথম ম্যাচে রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু , দিল্লি ক্যাপিটালস এর বিরুদ্ধে খেলবে। ব্যাঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়।

এদিকে, সন্ধ্যায় দ্বিতীয় ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদ, চেন্নাই সুপার কিংসের খেলা । হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo